

কালের বর্গ

রবিবার। ২১ জানুয়ারি ২০১৮। ৮ মাঘ ১৪২৪



শিক্ষামন্ত্রী নূরুল ইসলাম নাহিদ গতকাল ঢাকায় ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির সমাবর্তন অনুষ্ঠানে কৃতি শিক্ষার্থীদের পদক প্রদান করেন।
ছবি : পিআইডি

ইউআইইউর পঞ্চম সমাবর্তন

বেসরকারি বিশ্ববিদ্যালয়কে শুধু মুনাফার চিন্তা না করার আহ্বান মন্ত্রীর

নিজস্ব প্রতিবেদক >

বেসরকারি বিশ্ববিদ্যালয়ের উদ্যোক্তাদের শুধু ব্যবসা ও মুনাফার চিন্তা না করে আইন অনুযায়ী বিশ্ববিদ্যালয় পরিচালনার আহ্বান জানিয়েছেন শিক্ষামন্ত্রী নূরুল ইসলাম নাহিদ। যারা তা করবে না তাদের বিরুদ্ধে আইনি ব্যবস্থা নেওয়া হবে বলে হুঁশিয়ারি দিয়েছেন তিনি।

গতকাল শনিবার রাজধানীর বাড্ডায় ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির (ইউআইইউ) নিজস্ব ক্যাম্পাসে বিশ্ববিদ্যালয়টির পঞ্চম সমাবর্তন অনুষ্ঠানে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদের প্রতিনিধি হিসেবে সভাপতির বক্তৃতায় শিক্ষামন্ত্রী এ কথা বলেন।

সমাবর্তনে ৯৬২ জন শিক্ষার্থীকে স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রি দেওয়া হয়। শিক্ষামন্ত্রী চারজন কৃতি শিক্ষার্থীকে স্বর্ণপদক প্রদান করেন।

সমাবর্তন অনুষ্ঠানে আরো বক্তব্য দেন বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের চেয়ারম্যান অধ্যাপক আবদুল মান্নান, ইউআইইউর

বোর্ড অব ট্রাস্টিজের চেয়ারম্যান হাসান মাহমুদ রাজা, বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. চৌধুরী মফিজুর রহমান এবং বোর্ড অব ট্রাস্টিজের সদস্য ফরিদুর রহমান খান। সমাবর্তন বক্তা ছিলেন বিদ্যাং বিভাগের সচিব ড. আহমদ কায়কাউস।

শিক্ষামন্ত্রী বলেন, 'উচ্চশিক্ষার প্রত্যাশিত মান নিশ্চিত করতে বেসরকারি বিশ্ববিদ্যালয় আইন ২০১০ অনুযায়ী কার্যক্রম পরিচালনা করতে হবে। কিছু বিশ্ববিদ্যালয় নির্দিষ্ট সময় পার করলেও এখনো নিজস্ব ক্যাম্পাসে যেতে পারেনি। কেউ কেউ বিশ্ববিদ্যালয় পরিচালনার পরিবেশ ও নির্ধারিত শর্ত পূরণ করতে ব্যর্থ হয়েছে। তাদের বিরুদ্ধে আইনি ব্যবস্থা গ্রহণ ছাড়া আর কোনো পথ খোলা নেই।'

ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি নিজস্ব স্থায়ী ক্যাম্পাসে শিক্ষা কার্যক্রম পরিচালনার মাধ্যমে একটি অনুকরণীয় বিশ্ববিদ্যালয় হিসেবে নিজেকে প্রতিষ্ঠা করতে সক্ষম হবে বলে আশা প্রকাশ করেন শিক্ষামন্ত্রী।